# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা: ২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের শূন্য ১(এক)টি ফিজিওথেরাপিস্ট (নারী, ৯ম গ্রেড) পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে ফিজিওথেরাপিতে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিসহ **১** বছরের ইন্টার্নী থাকতে হবে। প্রার্থীদের বিশ্ব ফিজিওথেরাপি সংস্থা কর্তৃক অনুমোদিত ফিজিওথেরাপি পেশাগত সংগঠনের রেজিস্ট্রেশন থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/গ্রেড/সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনুর্ধ্ব **৩২** বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) সেট দরখাস্ত **আগামী ২২-০১-২০২৬ তারিখের** মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে। শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার সনদপত্রসমূহ আবেদনের (যদি থাকে) সঙ্গে সংযুক্ত করতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।